গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-২ শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.১৮.২১০.১৮- ৪৩৮ তারিখ: ০৯ আষাঢ়, ১৪৩১ / ২৩ জুন, ২০২৪

**বিষয়: ২০২৪ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানে সহায়তা প্রদান প্রসংঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ৩০ জুন, ২০২৪ তারিখ রবিবার হতে ২০২৪ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষা সারাদেশে একযোগে শুরু হবে। গুরুত্বপূর্ণ এ পাবলিক পরীক্ষা যাতে সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হয় সে জন্য বাংলাদেশ পুলিশসহ অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহযোগিতা একান্ত প্রয়োজন। উল্লেখ্য, ইতোপূর্বে অনুষ্ঠিত পাবলিক পরীক্ষাসমূহ আইনশৃঙ্খলা বাহিনীর আন্তরিক প্রচেষ্টা, দায়িত্বশীল ভূমিকা এবং জেলা ম্যাজিস্ট্রেসির সাথে কার্যকর সমন্বয়ের কারণে সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণ করা সম্ভব হয়েছে।

০২। আসন্ন এইচএসসি ও সমমান পরীক্ষা-২০২৪ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে গত ০৫ জুন, ২০২৪ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় মনিটরিং ও আইনশৃঙ্খলা কমিটি'র সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

"৪.২ প্রশ্নপত্র ফাঁস কিংবা পরীক্ষার্থীদের নিকট উত্তর সরবরাহে জড়িত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও জেলা প্রশাসন কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করবে। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত গুজব কিংবা একাজে তৎপর চক্রগুলোর কার্যক্রমের বিষয়ে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং সরকারের সংশ্লিষ্ট বিভাগসমূহ নজরদারী জোরদার করবে;

৪.৩ পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে শিক্ষক, ছাত্র ও কর্মচারীদের মোবাইল, মোবাইল ফোনের সুবিধাসহ ঘড়ি, কলম এবং পরীক্ষা কেন্দ্রে ব্যবহারের অনুমতিবিহীন যে কোন ইলেকট্রনিক্স ডিভাইস ব্যবহার নিষিদ্ধ থাকবে। নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে তাৎক্ষণিক আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪.৪ পরীক্ষা চলাকালীন ও এর আগে পরে পরীক্ষা সংশ্লিষ্ট কাজের সময়ে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ (যেমন- পরীক্ষার্থী, কক্ষ প্রত্যবেক্ষক, মন্ত্রণালয়ের কেন্দ্র পরিদর্শন টিম, বোর্ডের কেন্দ্র পরিদর্শন টিম, জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের পরিদর্শন টিম, নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আইন প্রয়োগকারী সংস্থার সদস্য) ব্যতীত অন্যদের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে। এ সময়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশকারী অননুমোদিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪.৫ প্রশ্নপত্র ট্রেজারি/থানা/নিরাপত্তা হেফাজত থেকে গ্রহণ, কেন্দ্রে প্রেরণ এবং পরীক্ষা কক্ষে বিতরণ সংক্রান্ত সকল কার্যক্রম পরীক্ষা সংক্রান্ত কার্যাবলি ম্যানুয়ালে অন্তর্ভুক্ত করতে হবে। প্রশ্নপত্র গ্রহণের সময় সংশ্লিষ্ট কর্মকর্তা এ ম্যানুয়াল অবশ্যই সাথে রাখবেন এবং ম্যানুয়াল অনুযায়ী প্রতিটি কাজ সঠিকভাবে প্রতিপালিত হয়েছে কি না তা নিশ্চিত করবেন";

০৪। বর্ণিতাবস্থায়, সুষ্ঠু ও সুন্দর পরিবেশে আসন্ন এইচএসসি/সমমান পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে জাতীয় আইন শৃঙ্খলা ও মনিটরিং কমিটি'র সভার উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত (প্রযোজ্য ক্ষেত্রে) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:
১। পরীক্ষার রুটিন.......... পৃষ্ঠা।

২৩.০৬.২৪


সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৬৭৮০
ইমেইল: govt.sec2@moedu.gov.bd


সচিব
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.১৮.২১০.১৮- ৪৩৮ তারিখ: ০৯ আষাঢ়, ১৪৩১ / ২৩ জুন, ২০২৪

**অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা
০২. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ
০৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ চট্টগ্রাম/ কুমিল্লা/ রাজশাহী/ যশোর/ সিলেট/ বরিশাল/ দিনাজপুর/ ময়মনসিংহ /বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
০৪. জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট............. (সকল) জেলা
০৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০৬. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা
০৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মন্ত্রণালয়
০৯. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

২৩.০৬.২৪


সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী
উপসচিব